# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫০৪

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৌলিক দু'আসমূহ

## আরবী

وَعَنْ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: عَلَّمَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: قُلْ: اللَّهُمَّ اجْعَلْ سَرِيرَتِي خَيْرًا مِنْ عَلَانِيَتِي وَاجْعَلْ عَلَانِيَتِي صَالِحَةً اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنْ صَالِحِ مَا تُؤْتِي النَّاسَ مِنَ الْأَهْلِ وَالْمَالِ وَالْوَلَدِ غَيْرِ الضَّالِّ وَلَا الْمُضِلِّ رَوَاهُ التِّرْمِذِيُّ

## বাংলা

২৫০৪-[২৩] ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে এ দু’আটি শিখিয়েছেন, তিনি বলেছেনঃ তুমি বল,

’’আল্ল-হুম্মাজ্’আল সারীরতী খয়রান মিন্ ’আলা-নিয়াতী ওয়াজ্’আল ’আলা-নিয়াতী স-লিহাতান, আল্ল-হুম্মা ইন্নী আস্আলুকা মিন্ স-লিহি মা- তু’তিন্না-সা মিনাল আহলি ওয়াল মা-লি ওয়াল ওয়ালাদি গয়রিয্ য-ল্লি ওয়ালা-ল মুযিল্লি’’

(অর্থাৎ- হে আল্লাহ! তুমি আমার ভিতরকে বাহির হতে উত্তম করো এবং আমার বাহিরকে মার্জিত করো। হে আল্লাহ! আমি তোমার কাছে ভালো চাই যা তুমি মানুষকে দিয়েছো- পরিবার-পরিজন, ধন-সম্পদ, সন্তান-সন্ততি, যারা পথভ্রষ্ট বা পথভ্রষ্টকারী নয়।) (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ৩৫৮৬, ইবনু আবী শায়বাহ্ ২৯৮২৪, য‘ঈফ আল জামি‘ ৪০৯৭। কারণ ‘আবদুর বিন ইসহাক আল কূফী একজন দুর্বল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: প্রথমে ভিতরকে বাহিরের চেয়ে উত্তম বানানোর দু‘আ করা হয়েছে। পরক্ষণেই ভিতরকে সৎ বানানোর দু‘আ করা হয়েছে। ব্যক্তির ভিতর তার বাহির থেকে উত্তম হওয়া সত্ত্বেও অসৎ হতে পারে। তাই ভিতরকে বাহির

থেকে উত্তম বানানোর। দু‘আ করার সাথে সাথে ভিতরকেও শুধু বাহিরের তুলনায় উত্তম নয়, বরং স্বতন্ত্রভাবে সৎ বানানোর দু‘আ করতে বলা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57064

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন